চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

প্রকৌশল বিভাগ (ভূমি শাখা)

www.cpa.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি নং- ১৪/২০২৬ তারিখঃ- ১৯/১১/২০২৬ইং

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

১। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মালিকানাধীন সিডিউলভুক্ত কয়েকটি কৃষি ব্লকভুক্ত জায়গা কৃষিকাজ করার নিমিত্তে আগামী ০১/০১/২০২৬ইং হতে ৩১/১২/২০২৬ইং সময় পর্যন্ত ০১ (এক) সনা অনবায়নযোগ্য অস্থায়ী লাইসেন্স প্রদানের জন্য কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে সীল মোহরকৃত উন্মুক্ত পুনঃ দরপত্র আহবান করা যাইতেছে।

২। দরপত্র বাক্স খোলার দিন ব্যতীত নির্ধারিত শর্তাদি সম্বলিত দরপত্র ফরম/ সেট চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ভূমি শাখা হইতে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাইবে। প্রতিসেট 'দরপত্র ফরম' মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) চালানের মাধ্যমে বন্দর তহবিলে জমা দিতে হইবে। অপ্রাপ্ত বয়স্কের নামে কোন দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

৩। দরপত্রে অংশ গ্রহনে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণ এই বিষয়ে যে কোন তথ্যাদি জানিবার জন্য অফিস চলাকালীন সময়ে সহকারী ব্যবস্থাপক (ভূমি) এর দপ্তরে যোগাযোগ করিতে পারিবেন।

৪। দরপত্রের সাথে প্রিমিয়াম/ডাককৃত সমুদয় টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট "চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ" এর বরাবরে অবশ্যই দাখিল করিতে হইবে। কোন নগদ টাকা বা চেক গ্রহনযোগ্য হইবে না।

৫। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তর কক্ষের সম্মুখে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ২২-১২-২০২৬ইং বেলা-১২.০০ ঘটিকার মধ্যে ফেলিতে হইবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় উপ ব্যবস্থাপক (ভূমি) এর দপ্তর কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র প্রকাশ্যে খোলা হইবে।

৬। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র আংশিক অথবা সম্পূর্ণরূপে গ্রহন বা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

19/11/26

মোহাম্মদ রায়হান উদ্দিন
উপ ব্যবস্থাপক (ভূমি)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
তারিখ ঃ১৯/১১/২০২৬ইং।

মেমো নং ঃ ১৮.১৩.০০০০.৫০০.৩৫.০৬৩.২৬/ ৫৮৯

অনুলিপিঃ

১। সদস্য (প্রকৌশল)/চবক- সদয় অবগতির জন্য।
২। সিস্টেম এনালিস্ট/চবক- দরপত্র বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৩। কমিটির সকল সদস্য- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য।
৪। পিএ টু চেয়ারম্যান-চেয়ারম্যান/চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। নোটিশ বোর্ড।